রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০০৯

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৪ই জুলাই, ২০০৯/৩০শে আষাঢ়, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ১৪ই জুলাই, ২০০৯ (৩০শে আষাঢ়, ১৪১৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

## ২০০৯ সনের ৪৬ নং আইন

### ইসলামী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮০-এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে ইসলামী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮০ (১৯৮০ সনের ৩৭ নং আইন)-এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—(১) এই আইন ইসলামী বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **১৯৮০ সনের ৩৭ নং আইনের ধারা ৮ এর সংশোধন।**—ইসলামী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮০ (১৯৮০ সনের ৩৭ নং আইন)-এর ধারা ৮-এর উপ-ধারা (১)-এর "বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী" শব্দগুলির পরিবর্তে "বাংলাদেশের রাষ্ট্রপতি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

## ২০০৯ সনের ৪৬ নং আইন

## Islamic University Act, 1980-এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে **Islamic University Act, 1980 (Act No. XXXVII of 1980)** এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন The Islamic University (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

২। **Act No. XXXVII of 1980 এর section 8 এর সংশোধন।**—Islamic University Act, 1980 (Act No. XXXVII of 1980) এর section 8 এর sub-section (1) এর "head of the Government" শব্দগুলির পরিবর্তে "President" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

---

## ২০০৯ সনের ৪৭ নং আইন

## জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৩৭ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন জাতীয় বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **১৯৯২ সনের ৩৭ নং আইনের ধারা ১০ এর সংশোধন।**—জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৩৭ নং আইন) এর ধারা ১০-এর উপ-ধারা (১) এর "সরকার প্রধান" শব্দগুলির পরিবর্তে "রাষ্ট্রপতি" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

---

## ২০০৯ সনের ৪৮ নং আইন

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৩৮ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **১৯৯২ সনের ৩৮ নং আইনের ধারা ১১ এর সংশোধন।**—বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৩৮ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১) এর "সরকার প্রধান" শব্দগুলির পরিবর্তে "রাষ্ট্রপতি" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

---

## ২০০৯ সনের ৪৯ নং আইন

## শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১-এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৪৬ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **২০০১ সনের ৪৬ নং আইনের ধারা ৯ এর সংশোধন।**—শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৪৬ নং আইন) এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর "প্রধানমন্ত্রী" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

---

## ২০০৯ সনের ৫০ নং আইন

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫-এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ (২০০৫ সনের ২৮ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু, এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন জগন্নাথ বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **২০০৫ সনের ২৮ নং আইনের ধারা ৯ এর সংশোধন।**—জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ (২০০৫ সনের ২৮ নং আইন) এর ধারা ৯-এর উপ-ধারা (১) এর "সরকার প্রধান" শব্দগুলির পরিবর্তে "রাষ্ট্রপতি" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

## ২০০৯ সনের ৫১ নং আইন

## জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬-এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ১৮ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **২০০৬ সনের ১৮ নং আইনের ধারা ৯ এর সংশোধন।**—জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর "বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী" শব্দগুলির পরিবর্তে "বাংলাদেশের রাষ্ট্রপতি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

---

## ২০০৯ সনের ৫২ নং আইন

## সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬-এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ৪৭ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **২০০৬ সনের ৪৭ নং আইনের ধারা ৯-এর সংশোধন।**—সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ৪৭ নং আইন) এর ধারা ৯-এর উপ-ধারা (১) এর "বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী" শব্দগুলির পরিবর্তে "বাংলাদেশের রাষ্ট্রপতি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**আশফাক হামিদ**
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd